

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৪৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৬. কেউ কিবলাহ ছাড়া অন্যত্র মুখ করে সালাত আদায়ের পর তা অবহিত হলে

باب مَنْ صلَّى لِغَيْرِ الْقِبْلَةِ ثُمَّ عَلِمَ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، عَنْ ثَابِت، وَحُمَيْد، عَنْ أَنسٍ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم وَأَصْحَابَهُ كَانُوا يُصلُونَ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ فَلَمَّا نَزَلَتْ هَذِهِ الآيَةُ (فَوَلِّ وَجُهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوا وُجُوهَكُمْ شَطْرَهُ) فَمَرَّ رَجُلُ مِنْ بَنِي سَلِمَةَ فَنَادَاهُمْ وَهُمْ رُكُوعٌ فِي صَلَاةِ الْفَجْرِ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ أَلَا إِنَّ الْقِبْلَةَ قَدْ حُولَتْ إِلَى الْكَعْبَةِ مَرَّتَيْنِ فَمَالُوا كَمَا هُمْ رُكُوعٌ إِلَى الْكَعْبَةِ .

_ صحیح : م

বাংলা

১০৪৫। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে সালাত আদায় করছিলেন। যখন এ আয়াতটি অবতীর্ণ হলোঃ "তুমি যেখানেই অবস্থান করো না কেন তোমার চেহারা মাসজিদুল হারামের দিকে ঘুরিয়ে নাও। আর তোমরা যেখানেই থাকো তোমাদের মুখমণ্ডল কে মসজিদুল হারামের দিকে ঘুরিয়ে নাও" (সূরাহ আল-বাকারাহ : ১৪৪), এমন সময় এক ব্যক্তি বনী সালামাহ গোত্রের এলাকা দিয়ে অতিক্রমকালে দেখতে পেলো যে, তাঁরা বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে ফজরের সালাতে রুকু" অবস্থায় আছেন। তখন লোকটি বলে উঠলো, জেনে রাখ, কিবলা (কিবলা/কেবলা)হকে এখন কা'বার দিকে ফিরানো হয়েছে। একথা সে দু'বার বললো। বর্ণনাকারী বলেন, এ ঘোষণা শুনে তাঁরা রুকু' অবস্থায়ই কা'বার দিকে মুখ ফিরান।[1]

সহীহ: মুসলিম।

English



Anas said:

The Prophet () and his Companions used to pray in the direction of Jerusalem. When the following verse was revealed: "So turn thy face towards the inviolable mosque"; and Ye (O Muslims), wheresoever ye may be, turn your face towards it"(ii. 144), a man passed by the people of Banu Salamah. He called them while they were bowing in the morning prayer facing Jerusalem: Lo, the qiblah (direction of prayer) has been changed towards the ka'bah. He called them twice. So they turned their faces towards the Ka'bah while they were bowing.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ বায়তুল মারুদিস থেকে কা'বার দিকে ক্বিবলাহ পরিবর্তন), আহমাদ (৩/২৮৪) সকলে হাম্মাদ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন